



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ

ফ্যাকাল্টি অব শিপিং এডমিনিস্ট্রেশন

১৪/৬-১৪/২৩, মিরপুর -১২, পল্লবী, ঢাকা-১২১৬

ফোন- ০১৭৬৯-৭২১০১০, ফ্যাক্স- ০৯৬০৬২৪৮২৪৮

ই-মেইল: deanoffice.fsa@bsmrmu.edu.bd, ওয়েব: www.bsmrmu.edu.bd

খন্ডকালীন শিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি

১। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি এর ফ্যাকাল্টি অব শিপিং এডমিনিস্ট্রেশন এর অধীনে পরিচালিত অনুষদের বিবিএ ইন পোর্ট ম্যানেজমেন্ট এন্ড লজিস্টিকস্ প্রোগ্রামের নিম্নলিখিত বিষয়ে খন্ডকালীন শিক্ষক নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট হইতে ০৮ আগস্ট ২০২৪ তারিখের মধ্যে জীবন বৃত্তান্ত সহ দরখাস্ত আহ্বান করা যাইতেছেঃ

২। বিষয়ঃ

(ক) Business Statistics (STAT 2101), ক্রেডিট-৩ (ঘন্টা – ৪২)

৩। শিক্ষাগত যোগ্যতাঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রী। পিএইচডি/এমফিল/সমমান ডিগ্রীধারীকে অগ্রাধিকার দেওয়া হইবে। এসএসসি হইতে স্নাতকোত্তর ডিগ্রী পর্যন্ত নূন্যতম ০২ (দুই) টি তে প্রথম শ্রেণি/বিভাগ/সমমান গ্রেড থাকিতে হইবে। শিক্ষার কোন স্তরে ৩য় শ্রেণি/বিভাগ/সমমান গ্রেড গ্রহণযোগ্য হইবে না।

৪। অভিজ্ঞতাঃ

ক। পাবলিক বিশ্ববিদ্যালয়ে কর্মরত সহকারী অধ্যাপক, সহযোগী অধ্যাপক এবং অধ্যাপকগণ নিজ প্রতিষ্ঠানে যে পদে কর্মরত আছেন বা ছিলেন এই বিশ্ববিদ্যালয়েও সেই পদেই নিযুক্ত হইবেন।

খ। স্বীকৃত বেসরকারী বিশ্ববিদ্যালয় এবং স্নাতকোত্তর পর্যায়ে পাঠদানকারী প্রতিষ্ঠানের শিক্ষকগণের ক্ষেত্রে নূন্যতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে সহকারী অধ্যাপক, নূন্যতম ১৪ (চৌদ্দ) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে সহযোগী অধ্যাপক এবং নূন্যতম ২০ (বিশ) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে অধ্যাপক পদমর্যাদায় খন্ডকালীন শিক্ষক নিয়োগের জন্য বিবেচিত হইবেন।

গ। সরকারী/কর্পোরেট সংস্থায় নিয়োজিত প্রফেশনালস্দের ক্ষেত্রে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে সহকারী অধ্যাপক, নূন্যতম ১০ বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে সহযোগী অধ্যাপক এবং নূন্যতম ১৫ (পনের) বছরের অভিজ্ঞতা থাকা সাপেক্ষে অধ্যাপক পদমর্যাদায় খন্ডকালীন শিক্ষক নিয়োগ করা যাইবে।

ঘ। সংশ্লিষ্ট ক্ষেত্রে পেশাগত বিষয়ে সুনামের অধিকারী হতে হবে এবং ইংরেজীতে দক্ষ হতে হবে;

ঙ। নিয়োগকালে প্রার্থীর কর্মরত প্রতিষ্ঠানের অনুমতি/ছাড়পত্র থাকিতে হইবে।

৫। কোর্স পরিচালনার ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুসরণ করিতে হইবে।

৬। একটি সেমিস্টারে একটি কোর্স পরিচালনার জন্য খন্ডকালীন শিক্ষক নিম্নরূপভাবে সম্মানী প্রাপ্য হইবেঃ

ক্র. নং	পদবী	প্রস্তাবিত হার		মন্তব্য
		সম্মানী (ঘন্টা প্রতি)	অন্যান্য পারিতোষিক (এককালীন)	
১।	সহযোগী অধ্যাপক	২,০০০.০০	১৩,২০০.০০	
২।	সহকারী অধ্যাপক	১,৮০০.০০	১৩,০০০.০০	

(নোটঃ আগ্রহী প্রার্থীগণ ০২ সেট আবেদন পত্রের ০১ সেট রেজিস্ট্রার অফিস বরাবর এবং ০১ সেট ডিন অফিস, ফ্যাকাল্টি অব শিপিং এডমিনিস্ট্রেশন বরাবর প্রেরণ করিবেন।)